মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৪৪৯

তারিখ : ০৭-০৯-২০২৬ খ্রি.

**বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে দশম শ্রেণির ছাড়পত্র (ইটিসি) প্রদান করার সময়সীমা প্রসঙ্গে।**

এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানকে অবগত করানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের দশম শ্রেণির ছাড়পত্রের (ইটিসি) অনুমতির জন্য অনলাইনে আবেদনের সময়সীমা ০৮-০৯-২০২৬ খ্রি. তারিখ হতে ০৮-১০-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। কোন অবস্থাতেই উল্লেখিত সময়ের পর ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রদান করা হবে না। উল্লেখিত সময়ের পর সকল প্রতিষ্ঠান প্রধানকে কোন অবস্থাতেই ছাড়পত্রের আবেদনে সুপারিশ/স্বাক্ষর না করার জন্য বলা হলো। উল্লেখ থাকে যে, একটি বিদ্যালয়ে একটি শ্রেণিতে ১৫ জনের অধিক শিক্ষার্থী ছাড়পত্রের (ইটিসি) মাধ্যমে ভর্তি হতে পারবে না।

অন্য বোর্ড হতে আগত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্বতন বোর্ডের নিবন্ধন রশিদ (প্রাপ্তির পর) এ বোর্ডে জমা দিতে হবে। শিক্ষার্থীর বিভাগ ও বিষয় ভর্তিচ্ছু বিদ্যালয়ে পড়বার জন্য বোর্ডের অনুমতি থাকলেই ভর্তি করা যাবে। সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত ভিন্ন অন্য কোন ব্যক্তি তার পোষ্যকে যুক্তি সংগত কারণ থাকলে ৮০০/- (আটশত টাকা) মাত্র ফিস প্রদানপূর্বক এ বোর্ডের আওতাধীন যেকোন বিদ্যালয়ে ভর্তির জন্য অনলাইনে ছাড়পত্রের (ইটিসি) অনুমতি প্রাপ্তির আবেদন করতে পারবেন। বোর্ডের অভ্যন্তরে (e-TC) এবং আন্তঃবোর্ড বদলী/ছাড়পত্র (e-BTC) অনলাইনে আবেদন এবং সোনালী সেবা করার নিয়মাবলি নিম্নরুপ:

* যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করুন।
* বামপাশে Our Service থেকে Institute Panel বাটনে ক্লিক করুন।
* প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করুন।
* বামপাশের মেন্যুবার থেকে e-TC Application থেকে Creat Application মেন্যুতে ক্লিক করুন।
* আবেদন ফরম পূরণ করে সাবমিট করুন। সাবমিট করার পর সোনালী সেবা প্রিন্ট করে সোনালী ব্যাংকে ফিস জমা করুন।
* সোনালী ব্যাংকে ফিস জমা হলে এবং ভর্তিচ্ছুক বিদ্যালয় কর্তৃক অনলাইনে একই প্যানেল থেকে গ্রহণ করলে (Accept) স্বয়ংক্রিয়ভাবে (e-TC) আবেদন অনুমোদন হয়ে যাবে। অনুমোদনের পর একই প্যানেল থেকে চিঠি প্রিন্ট করা হবে।
আন্তঃবোর্ড ইটিসি (e-BTC) এর ক্ষেত্রে উপরে বর্ণিত একই পদ্ধতি অনুসরণ করতে হবে। তবে ভর্তিচ্ছুক বিদ্যালয় কর্তৃক অনলাইনে (Accept) করার প্রয়োজন নেই।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মু: এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৪৪৯

তারিখ : ০৭-০৯-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৩। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৮। সংরক্ষিত নথি।

০৭.৯.২৬

(মু: এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।